গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাদারগঞ্জ, জামালপুর।
www.madarganj.jamalpur.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪০.০০৫.২৫-৫৬৪ তারিখ :২৫.০৮.২০২৫ খ্রি:

**নোটিশ**

জুলাই/২৫ মাসের অনুষ্ঠিতব্যমাসিক সভাসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী উপজেলা পরিষদ (যমুনা) সভাকক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উল্লিখিত কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | তারিখ | সময় | সভার নাম |
|---|---|---|---|
| ০১. | ২৮.০৮.২০২৫খ্রি: | সকাল ১০.৩০ টা | উপজেলা পরিষদ মাসিক সভা। |
| ০২. | ২৮.০৮.২০২৫খ্রি: | বেলা ১১.০০ টা | উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৩. | ২৮.০৮.২০২৫খ্রি: | বেলা ১১.৩০ টা | উপজেলা আইনগত সহায়তা কমিটির সভা। |
| ০৪. | ২৮.০৮.২০২৫খ্রি: | বেলা ১১.৪০ টা | উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির সভা। |
| ০৫. | ২৮.০৮.২০২৫খ্রি: | বেলা ১১.৫০টা | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৬. | ২৮.০৮.২০২৫খ্রি: | বেলা ১২.০০ টা | উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভা। |
| ০৭ | ২৮.০৮.২০২৫খ্রি: | বেলা ১২.১০ টা | উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা |

২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদ মাসিক সভায় তার অফিসের আলোচ্যসূচী এবং স্থায়ী কমিটির মিটিং এর রেজুলেশন ২৬.০৮.২০২৫ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

২৫.০৮.২৫

নাদির শাহ
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।
টেলিফোন নম্বর: ০২৯৯৭৭৭৬৮০২
ই-মেইল-unomadarganj@mopa.gov.bd

প্রাপকঃ ১। উপজেলা.......................................................অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। প্রশাসক/চেয়ারম্যান.......................................(সকল) ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব ......................................................................................

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ
১। জেলা প্রশাসক, জামালপুর।
২। অফিস কপি।

উপজেলা পরিষদ

মাদারগঞ্জ, জামালপুর

**আগষ্ট/২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নাদির শাহ, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক,<br>উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর |
| সভার তারিখ | : | ২৮ আগষ্ট ২০২৫ খ্রি: |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর। |

**১। সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হলো:**

**২। সভায় অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'খ' দেখানো হলো:**

সভাপতি উপস্থিত সদস্য গণকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। এরপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন রূপসংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার কর্মসূচী অনুযায়ী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও অন্যান্য বিষয়া দির উপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|
| **০১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, জুলাই/২৫ মাসে এ উপজেলায় ৮১৩১ জনকে বহি:বিভাগ সেবা, ২৩৬৪ জন জরুরী বিভাগে সেবা, ৬২৬ জন আন্ত:বিভাগ সেবা, ৯০ জন হাসপাতালে ডেলিভারী, ৭৩৭জন (০-৫) বছর বয়সী শিশুর আই এমসি আই সেবা, ২১২৯ জন মোবাইল ফোনে সেবা, ১০% ইপিআই টিকা জুলাই/২৫ পর্যন্ত এবং ৩৭ টি কমিউনিটি ক্লিনিকের সেবার পরিমান ২৫৪৫০ জন, ৪ টি ইউনিয়নে ৮১২০ জন সাবসেন্টার ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবা প্রদান করা হয়। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **০২. উপজেলা কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান জুলাই/২৫ মাসে এ উপজেলায়<br>ক. ২০২৫-২৬ অর্থ বছরে মাদারগঞ্জ উপজেলায় ৮০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের জন্য জন প্রতি ৫ কেজি মাসকালাই বীজ, ১০ কেজি ডিএপি ও ৫ কেজি এমওপি সার বরাদ্দ পাওয়া গেছে।<br>খ. মাঠে বর্তমান আমন ধান রোপন কার্যক্রম চলমান রয়েছে।<br>গ. বর্ষা মৌসুমে শাক সবজি দাম সহনীয় পর্যায়ে রাখতে বস্তায় শাক সবজি, কাচা মরিচ চাষ করার জন্য সকলের প্রতি অনুরোধ করেন।<br>ঘ.ছাদ বাগান করার জন্য সকলের প্রতি অনুরোধ করেন।<br>ঙ. সরকারি অফিস চত্বরে পারিবারিক পুষ্টি বাগান স্থাপনের জন্য সকল অফিস প্রধানের প্রতি অনুরোধ করেন।<br>চ. কৃষি যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণের জন্য সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে খামার যান্ত্রীকীকরণ প্রকল্পের অর্থায়নে একটি ওয়াকশপ সেড নির্মাণ এর জন্য ৭-৮ শতক জমি প্রয়োজন। উপজেলা পরিষদ চত্বরে ৭-৮ শতক জমির ব্যবস্থা করার জন্য প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৩। উপজেলা প্রকৌশলী বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, জুলাই/২০২৫ মাসে,<br>১। জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার বিভিন্ন বিষয়ক উন্নয়নের স্বার্থে স্মারক নং-৪৬.০২.৩৯৫৮.০০০.১৬.০০১.২৫-৯০ তারিখ -০২/০২/২০২৫ মূলে ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) টাকার ৪টি স্কীম উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হয়। উক্ত স্কীম ৪টি স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪-৬৯৭ তারিখ- ০৯/০৩/২০২৫ মূলে স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা হতে অনুমোদিত হয়ে ৪০ লক্ষ টাকার বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ, প্রেরিত স্কীম অনুযায়ী বিভাজনপূর্বক যথাযথভাবেকাজ শুরু হয়। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশনায় ও কাজের গুরুত্বর বিবেচনায় উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত এবং অফিসার্স ক্লাব ও কনফারেন্স রুম সংস্কার কাজ দুইটি Recast করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**২।** তিনি আরো জানান যে, স্থানীয় সরকার বিভাগ,স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০১০.২২-২০৩৬ তারিখ : ২৮/০৫/২০২৫ইং মূলে ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংস্কার বাবদ জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলাধীন বালিজুড়ি ইউনিয়ন পরিষদের জন্য ১০,০০,০০০/= এবং কড়ইচড়া ইউনিয়ন পরিষদের জন্য ১০,০০,০০০/=বরাদ্দ পাওয়া যায়। কারিগরি দিক বিবেচনায়, কাজের গুনগত মান শতভাগ নিশ্চিত করার লক্ষ্যে এবং যথাসময়ে কাজ বাস্তবায়ন করার নিমিত্তে "PPR-2008" এর RFQ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা যেতে পারে।<br>৩। বিলম্বে বরাদ্দ প্রাপ্তি ও ভারি বর্ষণ/বৃষ্টিপাতের কারণে নিম্নে উল্লেখিত কাজসমূহ যথাসময়ে বাস্তবায়ন বিঘ্নিত হয়। কাজসমূহ এডিপি এর আওতাভুক্ত হওয়ায় এবং জুন মাসে উক্ত কাজসমূহের ফান্ড Lapsable হওয়ায় কাজগুলোর অবশিষ্ট্যাংশ পরিমাণ মূল্যে পে-অর্ডার করে রাখা যেতে পারে। পরবর্তীতে কাজ সমাপ্ত হলে বিল প্রদানপূর্বক পে-অর্ডার ফেরত দেওয়া | পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |

| | | |
|---|---|---|
| হবে।<br>ক) উপজেলা পরিষদের মেইন গেইট নির্মাণ।<br>খ) বালিজুড়ি ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংস্কার।<br>গ) কড়ইচড়া ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংস্কার।<br>ঘ) **পার্ট-১:** বীর মুক্তিযোদ্ধা আবুল হাসনাত মুক্তা সড়ক হইতে সুজন প্রফেসরের বাড়ী পর্যন্ত স্লোপ প্রটেশন সহ আরসিসি রাস্তা নির্মাণ।<br>**পার্ট-২:** কয়ড়া আরাম নগর হইতে ত্রিশের পাড়া রাস্তায় ডা: মহসিন সাহেবের বাড়ী ভায়া হাফিজি খানা পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ।<br>ঙ) পার্ট-১ বালাভরাট ঈদগাহ মাঠ এইচবিবি দ্বারা রাস্তা উন্নয়ন। পার্ট-২ : মধ্যপাড়া খালেক মুন্সীর বাড়ী হইতে সরদাবাড়ী মোড় পর্যন্ত রাস্তা নির্মাণ।<br>**চ) পার্ট-১:** মাদারগঞ্জ কৃষি কার্যক্রম উন্নয়নের স্বার্থে ভারমি কম্পোজ সার উৎপাদন কেন্দ্র নির্মাণ।<br>**পার্ট-২:** মাদারগঞ্জ ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের স্থায়ীত্বের স্বার্থে বাউন্ডারী ওয়াল মেরামত ও উন্নয়ন।<br>**পার্ট-৩:** মাদারগঞ্জ উপজেলার প্রানিসম্পদ অফিসে কাউ ট্রিটমেন্ট সেড নির্মাণ।<br>**পার্ট-৪:** মাদারগঞ্জ উপজেলা পরিষদ মসজিদ সংলগ্ন ইমাম- মুয়াজ্জিনের আবাসন উন্নয়ন।<br>৪। ভারি বর্ষণ/বৃষ্টিপাতে কিছু রাস্তাঘাট ক্ষতিগ্রস্থ হয়েছে। জনগনের নিরবিচ্ছিন্নভাবে চলাচল অব্যাহত রাখার স্বার্থে নিম্নের রাস্তাগুলো জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ ছাড়া মাদারগঞ্জ উপজেলাধীন নিম্নলিখিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গ্রাউন্ড ফ্লোর সুরক্ষার নিমিত্ত প্রোটেকশন ওয়াল জরুরী। এক্ষেত্রে এডিপি এর আওতায় ৫,৫০,০০০/- ও ৪,২০,০০০/- টাকার নিম্নলিখিত প্রকল্পগুলো গ্রহণ করা যেতে পারে।<br>**<u>পার্ট-১: (ক)</u>**<br>১। বালিজুড়ী জিসি – ঝাড়কাটা বাজার ভায়া চরপাকেরদহ ইউপি রাস্তা (রোড আইডি – ৩৩৯৫৮৩০০১)<br>২। গুনারীতলা ইউপি –গুনারীতলা বাজার (রোড আইডি – ৩৩৯৫৮৩০১০) –ব্রীজের এ্যাপ্রোজ<br>৩। বালিজুড়ী জিসি – মেলান্দহ জিসি (রোড আইডি – ৩৩৯৫৮২০০১), মাদারগঞ্জ অংশ<br>৪। বালিজুড়ী জিসি – ভাটারা আরএইচডি (রোড আইডি – ৩৩৯৫৮২০০২)<br>**(খ)** দক্ষিন কয়ড়া প্রাথমিক বিদ্যালয়ের গ্রাউন্ড ফ্লোর সুরক্ষা।<br>**<u>পার্ট-২:</u>**<br>**(ক)** বন্দচতল স:প্রা:প্রাথমিক বিদ্যালয়ের গ্রাউন্ড ফ্লোর সুরক্ষা ওয়াল নির্মাণ।<br>(খ) বেতাগা স: প্রা: বিদ্যালয়ের গ্রাউন্ড ফ্লোর সুরক্ষা ওয়াল নির্মাণ | | |
| **<u>০৪. উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:</u>**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে,জুলাই/২০২৫ মাসের তাঁর দপ্তরের প্রশিক্ষণ ৮১ জন, খামার রেজিষ্ট্রেশনে ০২ টি, ৭৬৫টি কৃত্রিম প্রজনন ও ২৯৯টি উন্নত জাতের বাছুর উৎপাদন, ৩৩১৪ টি গবাদি পশু ও ২৫৪১৫ টি হাঁসমুরগী কে চিকিৎসা সেবা প্রদান করা হয়, হাস-মুরগী টিকা প্রদান ৪৫০০০ মাত্রা, গবাদি পশু ৩৪০ মাত্রা এবং রাজস্ব আদায় ১,১৫,২২৫/- টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ |
| **<u>০৫. উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়</u>** :উপজেলা মৎস্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান জুলাই/২৫ মাসের ১) অত্র দপ্তরে আগত মৎস্য চাষীকে মাছচাষের জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে ২) মৎস্য সম্পদের উন্নয়ন ও সুরক্ষার জন্য আইন বাস্তবায়ন অব্যাহত হয়েছে ৩) চলতি মাসে খরকা বিলে মোবাইল কোর্ট্ পরিচালনা করে অবৈধ রিং জাল জব্দ করা হয় এবং সেগুলো পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে। ৪। জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ (১৮ আগষ্ট থেকে২৪ আগষ্ট পর্যন্ত) বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **<u>০৬. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:</u>**<br>উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত এবং যথাসময়ে কার্যপত্র প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। |
| **<u>০৭. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:</u>**<br>উপজেলা পরিবার পরিকল্পনা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান,জুলাই/২৫ মাসে স্থায়ী পদ্ধতি ০৩ জন, আইইউডি ০০ জন, ইমপ্ল্যান্ট ৫৮ জন, ইনজেকশন ১৮৫ ভায়েল, খাবারবড়ি সুখী ১৭৩৫ চক্র, কনডম ৪৫৩৩, ইসিপি ০০ জন এবং ০৭ জনকে স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **<u>০৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:</u>** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ,জামালপুর এর সভায় জানান জুলাই/২৫ মাসে<br>১। শিক্ষা প্রতিষ্ঠান একাডেমি পরিদর্শন, ২) মাদক বিরোধী সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে কমিটি গঠন ৩) শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠন ৪)শিক্ষা প্রতিষ্ঠান ডাটা হাল নাগাদ করা (৫) (৬) শিক্ষা প্রতিষ্ঠানে এমপিও এর কাজ চলমান। (৬) পিবিজিএসআই প্রকল্প কর্তৃক প্রতিষ্ঠানে অর্থ বিতরনের কাজ চলমান রয়েছে। (৭) শিক্ষা প্রতিষ্ঠান সমুহে Gis জরিপ কাজ চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর |

| | | |
|---|---|---|
| লাইনের স্কিম ও ৫০০ টি হাউজ কানেকশন বিশিষ্ট লার্জ৬ ওয়াটার পাইপড লাইনের কাজ চলমান রয়েছে এবং দরিদ্র পরিবারের মাঝে প্রতিটি ইউনিয়নে ২২৯ টি করে টুইন পিট টয়লেটের কাজ চলমান রয়েছে।পিইডিপি -৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক ও বেসিন এর কাজ চলমান রয়েছে । | | |
| **১৭. উপজেলা পরিসংখ্যান বিভাগ:**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা , মাদারগঞ্জ , জামালপুর জুলাই/২৫ মাসের ক) কাঠাল, আম,আনারস,কালো জাম,কচুর লতি, জামরুল,করলা, ফসলের আনুমানিক হিসাব এর প্রতিবেদন জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ। খ) গম ফসলের মূল্য ও উৎপাদন জরিপ প্রতিবেদন জেলা পরিসংখ্যানে অফিসে প্রেরণ এবং এপ্রিল মাসের কৃষি মুজুরীর তথ্য জেলা পরিসংখ্যানে অফিসে প্রেরণ ঙ) MICS এর কাজ চলমান । | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা , মাদারগঞ্জ , জামালপুর |
| **১৮. উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান জুলাই/২৫ মাস হতে খাদ্য বান্ধব কর্মসূচির মাধ্যমে ১৫ টাকা কেজি দরে ভোক্তাদের মাঝে পুষ্টি চাল বিতরণ কার্যক্রম শেষ হয়েছে। | নির্ধারিত নিয়মে চাল বিতরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ , জামালপুর । |
| **১৯. উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর গ্রাম ভিত্তিক অস্ত্রবিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণ ১৬.০২.২৫ থেকে ২৭.০২.২০২৫ খ্রি: পর্যন্ত ৬৪ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ করা হবে। অটোমেকানিক্স প্রশিক্ষণে ০১ জন, ফ্রিজ এবং এয়ারকন্ডিশনিং প্রশিক্ষণে ০১ জন প্রশিক্ষনার্থী প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক আয়োজিত কাবাডি প্রতিযোগিতায় মোট তিন (০৩) জন ভিডিপি সদস্য অংশগ্রহণ করেছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা , মাদারগঞ্জ, জামালপুর। |
| **২০. উপজেলা পাট উন্নয়ন বিভাগ:**<br>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা , মাদারগঞ্জ , জামালপুর জুলাই/২৫ মাসের চলতি মৌসুমে নাবী পাট বীজ উৎপাদনকারী চাষীদের মাঝে মাঠ পর্যায়ের ফসল কর্তন এবং বীজ শুকানো এবং বীজ সংরক্ষণ কার্যক্রম চলমান। দপ্তরে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা , মাদারগঞ্জ। |
| **২১. উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ:**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা , মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের জুলাই/২৫ মাসে ঋণবিতরণ ৫৯.৮৫ লক্ষ টাকা, আদায় ৫০.৩২ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ১১০২ আদায়ের হার ৯৮% । | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা , মাদারগঞ্জ , জামালপর । |
| **২২. উপজেলা বন বিভাগ:**<br>ফরেষ্টার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, জুলাই/২৫মাসে মাদারগঞ্জ উপজেলায় জনসাধারণের মধ্যে বিক্রয় ও বিতরনের জন্য বিভিন্ন প্রজাতির মোট ২০০০ (দুই হাজার) চারা উৎপাদনের জন্য ২০০০ টি টি ব্যাগে বীজ বপন করা হয়েছে এবং বীজ অংকুরোদগম শুরু হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৩. পল্লী সঞ্চয় ব্যাংক:**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক জুলাই/২৫ মাসের সঞ্চয় আদায় ২.০০,০০০/-, ঋণ বিতরণ ৪৫.১০ লক্ষ, ঋণ আদায় ৫৭.৩০ লক্ষ। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৪. ফায়ার সর্ভিস বিভাগ:**<br>সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জুন/২৫মাসে অগ্নিনিবারণ এবং বিভিন্ন উদ্ধার কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| **২৫. তথ্য আপা প্রকল্প:**<br>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জুন/২৫মাসে তথ্য কেন্দ্রের সেবা গ্রহীতার সংখ্যা ৮৮ জন, ডোর টু ডোর সেবা গ্রহীতার সংখ্যা ৩৩০ জন এবং উঠান বৈঠক ৫০ টি। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | তথ্য সেবা কর্মকর্তা মাদারগঞ্জ , জামালপুর । |
| **২৬. ইসলামিক ফাউন্ডেশন:**<br>উপজেলা ফিল্ড সুপারভাইজার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা পরিদর্শনে কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর |
| **২৭. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান গত সভার সিদ্ধান্ত মোতাবেক পূর্নগঠিত উপজেলা (স্থায়ী) কমিটির সভা নিয়মিতকরন এবং এর আপলোড করা । সকল দপ্তর প্রধানকে উপজেলা কমিটির সভা নিয়মিত করে সভার কার্যবিবরণী জমা দেয়ার জন্য অনুরোধ করেন। আগামী অর্থ বছরের বার্ষিক পরিকল্পনা ও পঞ্চবার্ষিক পরিকল্পনা করার জন্য সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদ থেকে তথ্য জমা দিয়ে সহযোগিতা করার অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | (ক) উপজেলা প্রকৌশলী<br>(খ) ইউডিএফ (ইউজিডিপি) |
| **২৭. বিবিধ:**<br>রাজস্ব তহবিলের জুলাই/২৫মাসের ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | | |

| ব্যয়ের খাত | টাকা |
|---|---|
| আপ্যায়ন | ২৪৯২০ |

| | | | |
|---|---|---|---|
| সুইপারের বেতন | ১২১০০ | বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় জুলাই/২৫ মাসের মোট ৬২,১২০/- ( বাষট্টি হাজার একশত বিশ) টাকা ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। | প্রশাসক, উপজেলা পরিষদ মাদারগঞ্জ, জামালপুর |
| মালির বেতন | ১২১০০ | | |
| আনুষাঙ্গিক | ৫০০০ | | |
| পরিষ্কার পরিচ্ছন্নতা | ৮০০০ | | |
| মোট | ৬২,১২০ | | |

উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮.০৮.২৫

নাদির শাহ
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

স্মারকনং: ০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.২৫- ৫৯৫

তারিখ ঃ ২৮-০৮-২০২৫

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:</u>

১। জেলা প্রশাসক, জামালপুর।
২। উপপরিচালক, স্থানীয় সরকার,জামালপুর।
৩। উপজেলা....................................অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
৪। প্রশাসক/চেয়ারম্যান, ..............................ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৫। জনাব ................................. সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৬। অফিস কপি।

২৮.০৮.২৫

উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।

উপজেলা মাসিক সভা - হাজিরা -

| ক্র: নং | নাম ও পদবী | ~~১০.০৬./২০২৫~~ ৩০.৬.২০২৫ | ৩০.০৭.২০২৫ | ২৮.৮.২০২৫ | ২২.০৯.২৫ |
|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর। | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার, মাদারগঞ্জ জামালপুর। | [signature] | [signature] | [signature] | |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৫ | " মৎস্য কর্মকর্তা | Zarir H. | Zarir H. | [signature] | Zarir H. |
| ০৬ | " শিক্ষা অফিসার | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৭ | " পরিবার পরিকল্পনা কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৮ | " প্রকৌশলী | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৯ | " মাধ্যমিক শিক্ষা অফিসার | [signature] | [signature] | [signature] | |
| ১০ | " সমাজসেবা অফিসার | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১১ | " পল্লী উন্নয়ন কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১২ | " প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৩ | " যুব উন্নয়ন কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৪ | " সমবায় কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৫ | " মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৬ | " আইসিটি অফিসার | | | [signature] | [signature] |

উপজেলা কমিটির মাসিক সভার হাজিরা

| ক্র. নং | নাম ও পদবী | ৩০.৬.২৫ | ৩০.৭.২৫ | ২৮.৮.২৫ | ২২.৯.২৫ |
|---|---|---|---|---|---|
| ৩৩ | প্রশাসক, ৩ নং গুনারীতলা ইউপি | | | | |
| ৩৪ | চেয়ারম্যান, ৪ নং বালিজুড়ী ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] |
| ৩৫ | চেয়ারম্যান, ৫ নং জোড়খালী ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] |
| ৩৬ | চেয়ারম্যান, ৬ নং আদারভিটা ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] |
| ৩৭ | প্রশাসক, ৭ নং সিধুলী ইউপি | | | | |
| ৩৮ | সভাপতি/সম্পাদক, মাদারগঞ্জ প্রেস ক্লাব, মাদারগঞ্জ, জামালপুর। | | | | |
| ৩৯ | সভাপতি/সম্পাদক, মাদারগঞ্জ উপজেলা প্রেস ক্লাব, মাদারগঞ্জ। | [signature] | [signature] | [signature] | |
| ৪০ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, মাধ্যমিক শিক্ষা অফিস। | | | | |
| ৪১ | উপজেলা সমন্বয়কারী- গ্রাম আদালত | [signature] | [signature] | [signature] | [signature] |